



ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড

এবং

সিনিয়র সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০২০ - ৩০ জুন, ২০২১

সূচিপত্র

	পৃষ্ঠা নং
উপক্রমণিকা (Preamble)	৩
বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড (বিএসএল)-এর ২০২০-২০২১ বছরের কর্মসম্পাদনের সার্বিক চিত্র	৪
সেকশন-১: রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি	৫
সেকশন-২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)	৬
সেকশন-৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ	৭
সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms)	১১
সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি	১২
সংযোজনী ৩: অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ	১৩

উপক্রমণিকা (Preamble)

বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড (বিএসএল)-এর প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড (বিএসএল)

এবং

সিনিয়র সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের-এর মধ্যে ২০২০ সালের জুলাই মাসের ২৯ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড-এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the Performance of Bangladesh Services Limited)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ

বিশ্বমানের অতিথি সেবা প্রদানের মাধ্যমে গ্রাহকদের সর্বোচ্চ সন্তুষ্টি অর্জন বিএসএল-এর প্রধান উদ্দেশ্য। উন্নততর আধুনিক সেবা প্রদানের লক্ষ্যে বিএসএল-এর মালিকানাধীন হোটেল (পূর্বতন রূপসী বাংলা)-এর সুযোগ-সুবিধাদি বৃদ্ধির জন্য হোটেল পরিচালনাকারী প্রতিষ্ঠান IHG-এর ব্র্যান্ড স্ট্যান্ডার্ড অনুযায়ী হোটেলটির সংস্কার কাজ সম্পন্ন করে গত ১৩ সেপ্টেম্বর ২০১৮-এ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধন করা হয় এবং ০১ ডিসেম্বর ২০১৮ হতে হোটেলটি ইন্টারকন্টিনেন্টাল ঢাকা নামে বাণিজ্যিকভাবে পরিচালনার কার্যক্রম শুরু হয়। এছাড়া, বিএসএল বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক সম্মেলন সুষ্ঠুভাবে পরিচালনা এবং হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরে অবস্থিত বলাকা ভিআইপি লাউঞ্জ-এর মাধ্যমে দেশি ও বিদেশি অতিথিদের আন্তর্জাতিক মানের সেবা প্রদান করে আসছে। দাপ্তরিক কাজ গতিশীল, স্বচ্ছ ও আরও ত্রুটিমুক্ত করার জন্য উন্নত সফটওয়্যারের মাধ্যমে হিসাবরক্ষণ, ক্রয়, বিক্রয়, মানব সম্পদ ব্যবস্থাপনা চালু করা হয়েছে। চলতি বছরে (২০১৯-২০২০) বিএসএল তার বার্ষিক কর্মসম্পাদন চুক্তির একটি লক্ষ্যমাত্রা ব্যতীত সকল লক্ষ্যমাত্রা অর্জন করেছে। কোভিড-১৯ এর প্রাদুর্ভাব না হলে, বিএসএল-এর আয়ের লক্ষ্যমাত্রা আরও বেশি হত, কারণ কোভিড-১৯ এর জন্য মার্চ মাসেই ব্যবসা ব্যাপক হ্রাস পায় এবং লক-ডাউনের জন্য এপ্রিল ও মে মাসে কোন আয় অর্জিত হয়নি। জুন মাসে হোটেল-এর বাণিজ্যিক কার্যক্রম শুরু হলেও আয় আশাব্যঞ্জক নয়।

২০২০-২০২১ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ

- বিএসএল-এর ইন্টারকন্টিনেন্টাল ঢাকা হোটেল ও বিআইসিসি পরিচালনার মাধ্যমে আয় বৃদ্ধি
- বিএসএল-এর নিয়মিত পরিচালনা পর্ষদের সভা আয়োজন এবং সভার সিদ্ধান্ত বাস্তবায়ন
- বিএসএল-এর কর্মকর্তা কর্মচারীদের প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ জনশক্তি হিসাবে গড়ে তোলা

চ্যালেঞ্জ

- চার বছর (সেপ্টেম্বর ২০১৪-নভেম্বর ২০১৮) বিএসএল-এর মালিকানাধীন হোটেলটি সংস্কার কাজের জন্য বন্ধ থাকার ফলে হোটেল শিল্পের মার্কেট শেয়ারে ইন্টারকন্টিনেন্টাল ঢাকা-এর সুসংহত অবস্থান নিশ্চিতকরণ
- হোটেল শিল্পে ইন্টারকন্টিনেন্টাল ঢাকা-কে Centre of Excellence হিসাবে প্রতিষ্ঠিত করা
- রাজস্ব আয় বৃদ্ধি

ভবিষ্যৎ পরিকল্পনা

- ঢাকার পূর্বাঞ্চল এলাকায় একটি আন্তর্জাতিক মানের হোটেল নির্মাণ
- সরকার কর্তৃক প্রস্তাবিত আন্তর্জাতিক বিমান বন্দর -এর সন্নিকটে একটি নতুন আন্তর্জাতিক মানের হোটেল নির্মাণ
- মাতারবাড়ি এলাকায় সরকার কর্তৃক বরাদ্দকৃত ৫ একর জমিতে রিসোর্ট নির্মাণ

সেকশন ১:

রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission),

কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives) এবং কার্যাবলি (Functions)

১.১ রূপকল্প (Vision):

বাংলাদেশের আপেক্ষিক হোটেল শিল্পে শীর্ষ স্থানীয় অবস্থান সুসংহত করা

১.২ অভিলক্ষ্য (Mission):

বাংলাদেশের ইতিহাস, ঐতিহ্য এবং সংস্কৃতির সংমিশ্রণে বিশ্বমানের সেবার মাধ্যমে অতিথিদের সর্বোচ্চ সন্তুষ্টি অর্জন

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

১.৩.১. কৌশলগত উদ্দেশ্যসমূহ :

- ১) আয় বৃদ্ধি
- ২) বোর্ড সভা আয়োজন ও সভার সিদ্ধান্ত বাস্তবায়ন
- ৩) মানবসম্পদ উন্নয়ন
- ৪) দুর্ঘটনা হ্রাস ও প্রতিরোধমূলক ব্যবস্থা

১.৩.২. আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য :

- ক) কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন
- খ) দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিতকরণ
- গ) আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন
- ঘ) দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
- ঙ) তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদারকরণ

১.৪ প্রধান কার্যাবলি (Functions) :

- ক) হোটেল পরিচালনার জন্য নিয়োজিত অপারেটরকে তত্ত্বাবধান
- খ) হোটেল অপারেটরের চাহিদা এবং ব্র্যান্ড স্ট্যান্ডার্ড নিশ্চিতকরণ
- গ) আতিথেয়তা এবং পর্যটন শিল্পের মানবসম্পদ উন্নয়নে সহায়তা প্রদান
- ঘ) বিশ্ববিদ্যালয় ও National Hotel & Tourism Training Institute (NHTTI)-এর শিক্ষার্থীদের হোটেলে ইন্টার্নশিপের সুবিধা প্রদান
- ঙ) বাংলাদেশের পর্যটন শিল্পের উন্নয়ন ও বিকাশে বাংলাদেশ পর্যটন কর্পোরেশন ও বাংলাদেশ ট্যুরিজম বোর্ডকে সহায়তা প্রদান

সেকশন ২

বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড-এর বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)	কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicator)	একক (Unit)	প্রকৃত		লক্ষ্যমাত্রা ২০২০-২১	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম	উপাত্তসূত্র (Source of Data)
			২০১৮-২০১৯	২০১৯-২০২০		২০২১-২২	২০২২-২৩		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
(১) বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড-এর আয় বৃদ্ধি	হোটেল ও বিআইসিসি পরিচালনার মাধ্যমে অর্জিত আয়	টাকা (কোটি)	৭৯.৮৮	১৩১.৬৪	৪০	১৪৫	১৫৫	ইন্টারকন্টিনেন্টাল ঢাকা	ইন্টারকন্টিনেন্টাল ঢাকা হোটেলের হিসাব বিবরণী
(২) বোর্ড সভা আয়োজন ও সভার সিদ্ধান্ত বাস্তবায়ন	বোর্ড সভা আয়োজন	সংখ্যা	১৩	৮	৭	৭	৭	-	পর্যদ সভার হাজিরা বহি
	সভার সিদ্ধান্ত বাস্তবায়ন	%	৯০	৯৫	৯৫	৯৫	৯৫	-	পর্যদ সভার কার্যপত্র
(৩) মানবসম্পদ উন্নয়ন	আয়োজিত প্রশিক্ষণ (জনপ্রতি)	জনঘণ্টা	৬০	৬০	৬০	৬০	৬০	ইন্টারকন্টিনেন্টাল ঢাকা	বিএসএল এবং ইন্টারকন্টিনেন্টাল ঢাকা হোটেলের প্রতিবেদন
(৪) দুর্ঘটনা হ্রাস	দুর্ঘটনা প্রতিরোধমূলক প্রশিক্ষণ	সংখ্যা	০	০	০	৪	০	ইন্টারকন্টিনেন্টাল ঢাকা	হোটেলের প্রতিবেদন

বিশেষ দৃষ্টব্য:

বিশ্বব্যাপী কোভিড-১৯ সংক্রমণের কারণে সমগ্র বিশ্বে এভিয়েশন ও হসপিটালিটি ব্যবসা মারাত্মক ক্ষতিগ্রস্ত হয়েছে। বিরাজমান সার্বিক পরিস্থিতি ও আগস্ট ২০২০ মাসে পবিত্র কোরবানী ঈদ বিবেচনায় প্রতীয়মান হয় যে, অক্টোবর ২০২০ হতে হোটেল সামান্য ব্যবসা পেতে পারে। উল্লেখ্য, কোভিড-১৯ এর কারণে আগামী কয়েক মাস সামাজিক দূরত্ব বজায় রাখতে হবে বিধায় ব্যাংকুয়েট, সভা, সেমিনার, সামাজিক অনুষ্ঠান, ইত্যাদি উল্লেখযোগ্য হারে হ্রাস পাবে। সে কারণে ২০২০ ২০২১ বছরে আয়ের লক্ষ্যমাত্রা ২০১৯-২০২০ বছরের তুলনায় কম নির্ধারণ করা হয়েছে।

সেকশন ৩

কৌশলগত উদ্দেশ্য, কার্যক্রম, অগ্রাধিকার, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ (জুলাই, ২০২০-জুন, ২০২১)

কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicators)	গণনা পদ্ধতি (Calculation Method)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators)	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা/নির্ণয়ক ২০২০-২১ (Target/criteria Value for FY 2020-21)					প্রক্ষেপন (Projection) ২০২১-২২	প্রক্ষেপন (Projection) (২০২২-২৩
							২০১৮-১৯	২০১৯-২০	অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬
কৌশলগত উদ্দেশ্যসমূহ															
(১) বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড-এর আয় বৃদ্ধি	২০	[১.১] হোটেল ও বিআইসিসি পরিচালনার মাধ্যমে আয়	রুম, ভেন্যু ভাড়া ও ফুড এন্ড বেভারেজ বিক্রয় হতে আয়	ক্রমপঞ্জিভূত	টাকা (কোটি)	২০	৭৯.৮৮	১৩১.৬৪	৪০	৩৭	৩৫	৩০	২৮	১৪৫	১৫৫
(২) বোর্ড সভা ও সভার সিদ্ধান্ত বাস্তবায়ন	২০	[২.১] বোর্ড সভা আয়োজন	বোর্ড সভা	"	সংখ্যা	১০	১৩	৮	৭	৬	৫	৪	৩	৭	৭
		[২.২] সভার সিদ্ধান্ত বাস্তবায়ন	সিদ্ধান্ত বাস্তবায়ন	"	%	১০	৯০	৯৫	৯৫	৯৪	৯৩	৯২	৯০	৯৫	৯৫
(৩) মানবসম্পদ উন্নয়ন	২০	[৩.১] হোটেল কর্মকর্তা/ কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান	[৩.১] আয়োজিত প্রশিক্ষণ (জনপ্রতি)	"	জনঘণ্টা	৫	৬০	৬০	৬০	৫৫	৫০	৪৫	৪০	৬০	৬০
		[৩.২] বিএসএলএর- কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান	[৩.২] আয়োজিত প্রশিক্ষণ	"	জনঘণ্টা	৫	৬০	৬০	৬০	৫৫	৫০	৪৫	৪০	৬০	৬০
(৪) দুর্ঘটনা হ্রাস ও প্রতিরোধমূলক ব্যবস্থা	১০	[৪.১] দুর্ঘটনা হ্রাস ও প্রতিরোধ	দুর্ঘটনা সংঘটন	"	সংখ্যা	১০	০	০	০	১	২	-	-	০	০
(৫) কর্মপ্রেরণা	৫	[৫.১] কর্ম মূল্যায়নের নিমিত্ত পুরস্কৃত করা	প্রদত্ত পুরস্কার	সমষ্টি	সংখ্যা/ বছর	৫	১	২	২	১	-	-	-	২	২
মোট	৭৫					৭৫									

দপ্তর/সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ ২০২০-২১ (প্রস্তাবিত)

কলাম-১	কলাম-২	কলাম-৩	কলাম-৪		কলাম-৫	কলাম-৬				
			কর্মসম্পাদন সূচক (Performance Indicator)	একক (Unit)		লক্ষ্যমাত্রার মান ২০২০-২১				
						অসাধারণ (Excellent)	অতি উত্তম (Very Good)	উত্তম (Good)	চলতি মান (Fair)	চলতিমানের নিম্নে (Poor)
						১০০%	৯০%	৮০%	৭০%	৬০%
[১] দাপ্তরিক কর্মকাণ্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ	১০	[১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন।	[১.১.১] এপিএ'র সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত	সংখ্যা	২	৪	-	-	-	-
			[১.১.২] এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠিত	সংখ্যা	১	১২	১১	-	-	-
		[১.২] শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময়	[১.২.১] মতবিনিময় সভা অনুষ্ঠিত	সংখ্যা	২	৪	৩	২	-	-
		[১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা / অংশীজনদের অবহিতকরণ	[১.৩.১] অবহিতকরণ সভা আয়োজিত	সংখ্যা	১	৪	৩	২	-	-
		[১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ	[১.৪.১] অবহিতকরণ সভা আয়োজিত	সংখ্যা	২	৪	৩	২	-	-
		[১.৫] তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ	[১.৫.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত	সংখ্যা	২	৪	৩			
[২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি	৯	[২.১] ই-নথি বাস্তবায়ন	[২.১.১] ই-নথিতে নোট নিষ্পত্তিকৃত	%	২	৮০	৭০	৬০	-	-
		[২.২] ডিজিটাল সেবা চালুকরণ	[২.২.১] একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত	সংখ্যা	২	১৫-২-২১	১৫-৩-২১	১৫-৪-২১	১৫-৫-২১	-
		[২.৩] সেবা সহজিকরণ	[২.৩.১] একটি সহজিকৃত সেবা অধিক্ষেত্রে বাস্তবায়িত	সংখ্যা	২	২৫-২-২১	২৫-৩-২১	২৫-৪-২১	২৫-৫-২১	-
		[২.৪] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান	[২.৪.১] প্রত্যেক কর্মচারির জন্য প্রশিক্ষণ আয়োজিত	জনঘন্টা	১	৫০	৪০	৩০	২০	-
			[২.৪.২] ১০ম গ্রেড ও তদুর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ	জনঘন্টা	১	৫	৪	-	-	-

		[২.৫] এপিএ বাস্তবায়নে প্রণোদনা প্রদান	[২.৫.১] ন্যূনতম একটি আওতাধীন দপ্তর/ একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রণোদনা প্রদানকৃত	সংখ্যা	১	১	-	-	-	-
[৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন	৬	[৩.১] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন	[৩.১.১] ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত	%	১	১০০	৯০	৮০	-	-
		[৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/বাজেট বাস্তবায়ন	[৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) /বাজেট বাস্তবায়িত	%	২	১০০	৯০	৮০	-	-
		[৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন	[৩.৩.১] ত্রিপক্ষীয় সভায় উপস্থাপনের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরিত	%	১	৮০	৭০	৬০	৫০	-
			[৩.৩.২] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত	%	১	৫০	৪০	৩০	২৫	-
		[৩.৪] হালনাগাদকৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ	[৩.৪.১] হালনাগাদকৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা মন্ত্রণালয়/বিভাগে প্রেরিত	তারিখ	১	১৫-১২-২০	১৫-০১-২১	১৫-২-২১	-	-

আমি, ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড, সিনিয়র সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সিনিয়র সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:



তারিখ: ২১.০৭.২০২০

ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড

তারিখ: ২১.৭.২০২০



সিনিয়র সচিব
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

সংযোজনী-১

শব্দসংক্ষেপ (Acronyms)

ক্রমিক নং	শব্দসংক্ষেপ	বিবরণ
১	বিএসএল	বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড
২	BSL	Bangladesh Services Limited
৩	আইএইচজি	ইন্টারকন্টিনেন্টাল হোটেলস গ্রুপ
৪	IHG	InterContinental Hotels Group

সংযোজনী-২

কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	বিবরণ	বাস্তবায়নকারী ইউনিট	পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র	সাধারণ মন্তব্য
[১] বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড-এর আয় বৃদ্ধি	[১.১] রুম, ভেন্যু ভাড়া ও ফুড এন্ড বেভারেজ বিক্রয় হতে অর্জিত আয়	ইন্টারকন্টিনেন্টাল ঢাকা হোটেল-এর অতিথি কক্ষ, বিআইসিসি ভেন্যু বিক্রি বাবদ আয়	ইন্টারকন্টিনেন্টাল ঢাকা হোটেল	তথ্য উপাত্ত যাচাই এবং ইন্টারকন্টিনেন্টাল ঢাকা হোটেল-এর হিসাব বিবরণী	
(২) বোর্ড সভা আয়োজন ও সভার সিদ্ধান্ত বাস্তবায়ন	[২.১] বোর্ড সভা আয়োজন	কোম্পানির বিভিন্ন নীতি নির্ধারণী বিষয়ে আয়োজিত পর্যদ সভা	বিএসএল	পর্যদ সভার হাজিরা বহি	
	[২.২] সভার সিদ্ধান্ত বাস্তবায়ন	পর্যদ সভার সিদ্ধান্ত অনুসারে গৃহীত ব্যবস্থা	বিএসএল	পর্যদ সভার কার্যপত্র	
(৩) মানবসম্পদ উন্নয়ন	[৩.১] আয়োজিত প্রশিক্ষণ (জনপ্রতি)	কর্মদক্ষতা বজায়/বৃদ্ধির জন্য সময়পোষোগী প্রশিক্ষণ প্রদান	বিএসএল এবং ইন্টারকন্টিনেন্টাল ঢাকা হোটেল	বিএসএল এবং ইন্টারকন্টিনেন্টাল ঢাকা হোটেলের প্রতিবেদন	
(৪) দুর্ঘটনা প্রতিরোধমূলক প্রশিক্ষণ	[৪.১] দুর্ঘটনা সংঘটন	কর্মক্ষেত্রে সৃষ্টি ও নিরাপদ পরিবেশ সৃষ্টির মাধ্যমে কর্মকর্তা/কর্মচারীদের সার্বিক নিরাপত্তা নিশ্চিতকরণ	ইন্টারকন্টিনেন্টাল ঢাকা হোটেল	ইন্টারকন্টিনেন্টাল ঢাকা হোটেল-এর প্রতিবেদন	

সংযোজনী ৩

অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

প্রতিষ্ঠানের নাম	সংশ্লিষ্ট কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা	চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা	প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব
প্রযোজ্য নয়	-	-	-	-	-